



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর-

২/১১/৪/৩৩৮

তারিখ:

৩১/০৭/২৪

বিষয়: রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন বাঁকড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় উক্ত পদে সহকারী প্রধান শিক্ষককে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৫ তারিখ: ০৬/০১/২০১৯ খ্রি: স্মারক নম্বর-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৩২ তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রি:, সহকারী পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকার স্মারক নম্বর-৪ জি-৪০৮-ম/রাজ/২০১১/৪৮১৫/৬ তারিখ: ০৪/০৬/২০১৫ খ্রি:, সহকারী প্রধান শিক্ষকের ১৪/০২/২০২৪ খ্রি: তারিখের আবেদন, মহামান্য হাইকোর্টের আদেশ এবং বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা দ্বয়ের ০৭/০৫/২০২৪ খ্রি: এবং ১৮/০৭/২০২৪ খ্রি: তারিখের মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা, সহকারী পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার স্মারক নম্বর-৪ জি-৪০৮-ম/রাজ/২০১১/৪৮১৫/৬ তারিখ: ০৪/০৬/২০১৫ খ্রি: এর নির্দেশনা এবং মহামান্য হাইকোর্টে মো: জালাল উদ্দীন কর্তৃক ৭৮৭১/২০২৪ নম্বর রিট পিটিশনের Rule discharge হয় এবং ২১৩৬/২০১৮ নম্বর Civil Petition for leave to appeal dismissed হয়। সেহেতু মো: জালাল উদ্দীন বাঁকড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নন। আবার সহকারী প্রধান শিক্ষক জনাব মো: রেজাউল করিমকে প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণে মহা-পরিচালকের বর্ণিত স্মারকের পত্র চ্যালেঞ্জ করে মো: জালাল উদ্দীন কর্তৃক ৪৮৪৯/২০১৫ নম্বর রিট দায়ের করেন এবং পরবর্তীতে তিনি রিট পিটিশন উঠিয়ে নেন। কাজেই উক্ত পত্রের নির্দেশনা বর্তমান অবধি বলবৎ আছে। তাই প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে সহকারী প্রধান শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের যে পরিপত্র আছে উক্ত পরিপত্র অনুসারে মো: রেজাউল করিমকে প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণের নির্দেশনা দেয়া যায়।

এছাড়া বর্ণিত বিষয়ে বোর্ডের ০২ (দুই) জন বিজ্ঞ আইন উপদেষ্টার আইনগত মতামতের আলোকে রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন বাঁকড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় পরবর্তী প্রধান শিক্ষক নিয়োগ না হওয়া পর্যন্ত উক্ত পদে সহকারী প্রধান শিক্ষক মো: রেজাউল করিমকে দায়িত্ব অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত বেতন ও ভাতার বিলে স্বাক্ষর করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল।

উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট,  
জেলা: রাজশাহী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মহা: জিয়াউল হক)  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, বোর্ড, রাজশাহী।  
ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

স্মারক নম্বর-

তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

- ১। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী।
- ৩। জনাব মো: রেজাউল করিম  
সহকারী প্রধান শিক্ষক,  
বাঁকড়া উচ্চ বিদ্যালয়, ডাকঘর: বাঁকড়া,  
উপজেলা/থানা: চারঘাট, জেলা: রাজশাহী।
- ৪। জনাব মো: জালাল উদ্দিন (বিধি বহির্ভূতভাবে নিয়োগকৃত)  
প্রধান শিক্ষক, বাঁকড়া উচ্চ বিদ্যালয়, ডাক: বাঁকড়া,  
উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।  
ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)